শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর,
ঢাকা ১২০৭।
www.lged.gov.bd

স্মারক-৪৬.০২.০০০০.৫০২.০২.০৮৭.২০২০. ৬১৬ তারিখ: ০৭ /০৯/২০২০ খ্রিঃ।

# অফিস আদেশ

এলজিইডি'র আওতায় সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিটের অধীন হস্তান্তরিত ক্ষুদ্রাকার পানি সম্পদ উপ-প্রকল্প সমূহের অর্থবছর ভিত্তিক সেচ ও নিকাশ কাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে গৃহীতব্য স্কিমের প্রাক্কলন মাঠ-পর্যায়ে যাচাই-বাছাই ও কাজ বাস্তবায়ন তদারকির জন্য নিম্নবর্ণিত ০৩ (তিন) সদস্যের কমিটি গঠন করা হলো।

**প্রাক্কলন যাচাই-বাছাই ও কাজ বাস্তবায়ন তদারকি কমিটিঃ**

ক) নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট অঞ্চল-১ — আহ্বায়ক
খ) সহকারী প্রকৌশলী সংশ্লিষ্ট অঞ্চল-১ — সদস্য
গ) সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি সংশ্লিষ্ট জেলা (নির্বাহী প্রকৌশলী, জেলা কর্তৃক মনোনীত) — সদস্য

**কমিটির কর্ম পরিধিঃ**

১) উপজেলা কর্তৃক প্রণীত খসড়া প্রাক্কলন মাঠ পর্যায়ে যাচাই-বাছাই করার জন্য কমিটি সরেজমিনে প্রকল্প স্থান পরিদর্শন করে সংশ্লিষ্ট উপ-প্রকল্পের (স্ট্রাকচার/খাল/বাঁধ/অফিসঘর) মেরামতের যৌক্তিকতা, প্রণীত প্রাক্কলনের আইটেম ও পরিমানের যথার্থতা নিরুপণ করবেন। প্রয়োজন বোধে নতুন আইটেমের প্রস্তাব করবেন অথবা প্রণীত প্রাক্কলনে অর্ন্তভুক্ত আইটেম বাদ দিবেন।

২) প্রাক্কলনটি বাস্তবায়ন উপযোগী কিনা ও টেকসই হবে কিনা তা যাচাই-বাছাই শেষে প্রত্যয়ন প্রদান করবেন।

৩) প্রয়োজনবোধে অন্য কোন উপ-প্রকল্প মেরামতের জন্য আরো অধিক অগ্রাধিকার প্রাপ্ত কোন স্কীম থাকলে তাও প্রাক্কলন প্রনয়ণসহ আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর সুপারিশের মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ও এন্ড এম), IWRM ইউনিট এর নিকট প্রেরণ করবেন।

৪) নির্ধারিত তরিখের মধ্যে প্রাক্কলন সুপারিশসহ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করবেন।

৫) বিগত ৩ (তিন) বছরে উপ-প্রকল্পের যে সমস্ত অংশে রক্ষণাবেক্ষণ করা হয়েছে তা বাদ দিতে হবে। এছাড়া অন্য কোন প্রকল্পের আওতায় উক্ত কাজ চলমান থাকলে অথবা অন্য প্রকল্পে অন্তর্ভূক্ত করা হয়েছে এমন উপ-প্রকল্প বাদ দিতে হবে অর্থাৎ দৈত্বতা পরিহার করতে হবে।

৬) প্রনীত ও সুপারিশকৃত প্রাক্কলন অনুমোদিত হলে তা বাস্তবায়ন কালীন সংশ্লিষ্ট উপজেলা ও জেলা পর্যায়ে তদারকির অতিরিক্ত হিসাবে উক্ত কমিটি নিবিড় তদারকি নিশ্চিতসহ করিগরি সহায়তা প্রদান করবেন এবং উপযুক্ত সময়ে সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ও এন্ড এম), IWRM ইউনিটে প্রতিবেদন প্রদান করবেন।

৭) উপ-প্রকল্প সংক্রান্ত (অবকাঠামোগত ও প্রাতিষ্ঠানিক) বিদ্যমান IWRM-MIS তথ্য সংশ্লিষ্ট জেলা কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হচ্ছে কিনা তাও মনিটরিং করে সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে অবহিতকরণ পূর্বক তার মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ও এন্ড এম), IWRM ইউনিট নিকট প্রতিবেদন প্রদান করবেন।

সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রচলিত বিধি-বিধান অনুযায়ী তাদের ভ্রমণ-ভাতাদি স্ব-স্ব কর্মস্থল হতে উত্তোলন করবেন।

জনস্বার্থে এ কমিটি গঠন করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

০৭.০৯.২০২০
**(মোঃ আব্দুর রশীদ খাঁন)**
প্রধান প্রকৌশলী
ফোন: ৫৮১৫২৮০২
email: ce@lged.gov.bd

বিতরণ: কার্যার্থে-

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, .......................... বিভাগ, এলজিইডি,............।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..................... অঞ্চল (সকল), এলজিইডি, ..........। অঞ্চল ভিত্তিক উক্ত কমিটির ব্যক্তিবর্গের নাম ও পদবী উল্লেখ করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ও এন্ড এম), সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা.................................(সকল)।
৭। নির্বাহী প্রকৌশলী (পিএন্ডডি/ওএন্ডএম), সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, ..................... অঞ্চল (সকল), এলজিইডি, ..........।
৯। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা (সকল), জেলা (সকল)।
১০। সিনিয়র সহকারী প্রকৌশলী (ওএন্ডএম/পিএন্ডডি), সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
১১। সহকারী প্রকৌশলী (ওএন্ডএম/পিএন্ডডি), সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।